

ঢাকা ওয়াসা

- ১। ২০২৬-২০২৭ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের কপি।
- ২। লিকেজের ছবি।
- ৩। পূর্বানুমোদিত দরের কপি।
- ৪। প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয় : Repairing Of Water Line Leakage & Removal dirty Water in front of Khilbarirtek autostand at MODS Zone-8, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৮ এর আওতাধীন ডিএমএ-৮০৪ এর খিলবাড়িরটেক অটোস্ট্যান্ড এলাকায় ঢাকা ওয়াসার পানির লাইন লিকেজ হওয়ার অভিযোগ পাওয়া যায়। উক্ত অভিযোগের প্রেক্ষিতে এলাকা সমূহে সুষ্ঠুভাবে পানি সরবরাহ করার লক্ষ্যে সরেজমিনে সাইট পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে দেখা যায় যে, সিটি কর্পোরেশন কর্তৃক ময়লা পানি নিষ্কাশনের জন্য ড্রেন লাইন নির্মাণ কাজ চলা কালীন সময়ে অসাবধানতা বসত তারা আমাদের উক্ত এলাকায় বিদ্যমান ৬ ইঞ্চি ব্যাসের পানির পাইপ ছিদ্র করে ফেলায় লিকেজ হয়ে প্রচুর পরিমাণ পানি অপচয় হচ্ছে। এছাড়াও পানির লাইনের লিকেজের স্থান হতে ময়লা পানি সরবরাহ লাইনে প্রবেশ করছে। এতে ঢাকা ওয়াসার আর্থিক ক্ষতি হচ্ছে। পানির অপচয় রোধ করার জন্য অতি জরুরী ভাবে লিকেজ গুলি মেরামত করার প্রয়োজন হয়ে পড়ে। অন্যথায় ঢাকা ওয়াসার পানির পাইপে ময়লা প্রবেশ করে বিভিন্ন ধরনের রোগ হয়ে জনসাধারণের দুর্ভোগের সৃষ্টি করবে। এতে করে ঢাকা ওয়াসার সুনাম ক্ষুণ্ণ ও ভাবমূর্তি নষ্ট হবে। তৎপ্রেক্ষিতে আলোচ্য কাজটি করার জন্য ঢাকা ওয়াসার পূর্বানুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যার টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৬- ৪৭,৮৪২.৬৪০/- (সাতচল্লিশ হাজার আটশত বিয়াল্লিশ দশমিক ছয় চার শূন্য) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৬-২০২৭ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেট এর "পানির লাইন রক্ষণাবেক্ষণ" খাতের কোড নং(০১-০৪-০০১) হতে ব্যয় নির্বাহ করা হবে। উক্ত কাজটি পিপিআর ২০২৫ এর ৯৯(১)(ড) বিধি অনুযায়ী ঠিকাদারী প্রতিষ্ঠান M/S NEHAN ENTERPRISE এর মাধ্যমে সরাসরি ক্রয় প্রক্রিয়ায় (DPM) সম্পাদন করা যেতে পারে।

২। এমতাবস্থায়, Repairing Of Water Line Leakage & Removal dirty Water in front of Khilbarirtek autostand at MODS Zone-8, Dhaka WASA কাজটি করার লক্ষ্যে সর্বমোট ৬-৪৭,৮৪২.৬৪০/- (সাতচল্লিশ হাজার আটশত বিয়াল্লিশ দশমিক ছয় চার শূন্য) টাকা মাত্র এর প্রাক্কলনটির অনুমোদন সহ পিপিআর ২০২৫ এর ৯৯(১)(ড) বিধি অনুযায়ী সরাসরি ক্রয় প্রক্রিয়ায় (DPM) পদ্ধতিতে ঠিকাদারী প্রতিষ্ঠান M/S NEHAN ENTERPRISE এর মাধ্যমে সম্পাদনের অনুমোদনের লক্ষ্যে নথিখানা উপস্থাপন করা হলো। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

৩৬/জোন-৮
৩৭/৩৮/২৬

[Signature]
২৭/০৬/২৬

ইমামুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-০৮, ঢাকা ওয়াসা।

[Signature]
২৭/০৬/২৬

মোঃ গোলাম মোস্তফা খন্দকার
উপ-বিভাগীয় প্রকৌশলী
মডস জোন-৮, ঢাকা ওয়াসা।

[Signature]
২৭/০৬/২০২৬

অনুশম কুমার মন্ডল
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

[Signature]
২৬/০৬/২৬

প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

SE MODS-2

[Signature]
18.06.26
আবদুল হক
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।